# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয়:** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- **১৬,০০০-৩৮,৬৪০/-** (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ.এফ.রহমান হলের ১টি শূন্য ইমাম পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ স্নাতকোত্তর পাশ অর্থাৎ কামিল/ইসলামিক স্টাডিজ/আরবী/ সমমানের বিষয়ে এম.এ ডিগ্রিধারীসহ কুরআনে হাফেজ হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/গ্রেড/জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। অভ্যন্তরীন প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী **২১-০৮-২০২৫** তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।